



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালক এর কার্যালয়
“বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে
বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প”
সমবায় অধিদপ্তর, সমবায় ভবন
এফ-১০, আগারগাঁও সিডিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd



স্মারকনং- ০১/২১(বঙ্গবন্ধু মডেল গ্রাম)/২৩(৩)

তারিখ: ২৬/১০/২০২১খ্রি:

বিষয়: প্রকল্পের আওতায় ‘উপজেলা বাস্তবায়ন কমিটি’ এর সভা আহ্বান।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট’ প্রকল্পের অনুমোদিত ডিপিপি’তে উপজেলা পর্যায়ে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি ‘উপজেলা বাস্তবায়ন কমিটি’ গঠনের সংস্থান রয়েছে।

ক্র: নং	পদবী	কমিটিতেপদবী
১	উপজেলা নির্বাহী কর্মকর্তা	সভাপতি
২	উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য
৩	উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
৪	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা	সদস্য
৫	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
৬	সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
৭	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
৮	উপজেলা প্রকৌশলী	সদস্য
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য
১০	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
১১	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা	সদস্য
১২	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা	সদস্য
১৩	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	সদস্য
১৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য
১৫	উপজেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
১৬	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা	সদস্য
১৭	উপজেলা সমবায় কর্মকর্তা (প্রকল্পের স্থানীয় সমন্বয়ক)	সদস্য
১৮	সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান	সদস্য
১৯	সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউনিয়ন পরিষদের সদস্য/ মহিলা সদস্য	সদস্য
২০	সমবায় সমিতির সভাপতি	সদস্য
২১	সমবায় সমিতির সাধারণ সম্পাদক	সদস্য
২২	সহকারী প্রকল্প পরিচালক	সদস্য সচিব

কমিটির কার্য পরিধি:

০১. সংশ্লিষ্ট উপজেলার নির্বাচিত গ্রামে প্রকল্প বাস্তবায়ন নিয়মিত মনিটর করা।
০২. প্রকল্পের আওতায় কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ খাতে গৃহীত উদ্যোগের মনিটর করা।
০৩. প্রকল্পের প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করা।